

তারিখ ... ..  
 গা ... কলাম ...

সংখ্যা একেবারে কম নয়। কোন কোন মাধ্যমিক বিদ্যালয়ে ৩০%-৪০% শিক্ষার্থী হিন্দু ধর্মাবলম্বী আছে। দেশের মুষ্টিমের কিছু সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে হিন্দু ধর্মীয় শিক্ষক কর্মে নিয়োজিত আছেন, যা প্রয়োজনের তুলনায় অতি নগণ্য। এসব শিক্ষক বেসরকারি আমলের নিয়োগপ্রাপ্ত (বর্তমানে আত্মীকৃত)। আত্মীকৃত শিক্ষকদের বেশির ভাগই অবসরে যাচ্ছেন। অথচ বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোর প্রত্যেকটিতে একজন করে হিন্দু ধর্মীয় (পণ্ডিত) শিক্ষক কর্মে নিয়োজিত আছেন। তাই শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিব মহোদয়ের কাছে আবুল আবেদন, মাধ্যমিক সরকারি বিদ্যালয়গুলোতে একজন করে হিন্দু ধর্মীয় শিক্ষক নিয়োগের আওতা ব্যবস্থা গ্রহণ করে হিন্দু শিক্ষার্থীদের উপকার করবেন।

উত্তম আণ্ডি  
 মাপটান, বাজার  
 শালমনিরহাট।

শ্যামসুন্দর  
 ১১১-১১১  
**সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে  
 হিন্দু ধর্মীয় (কাব্যভীর্ণ)  
 শিক্ষক নিয়োগ**

বর্তমানে বাংলাদেশে ৩১৭টি সরকারি মাধ্যমিক উচ্চ বিদ্যালয় আছে। এগুলোর মধ্যে আবার পুরনো জেলা শহর এবং ঢাকা শহরের বিদ্যালয়গুলোতে ডাবল শিফট চালু আছে। ১৯৯১ সাল থেকে শুরু করে ছয়বার মাধ্যমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক নিয়োগ হয়েছে। এসব নিয়োগে বিষয়ভিত্তিক শিক্ষক, ইসলাম ধর্মীয় শিক্ষক, ক্রীড়া শিক্ষক নিয়োগ করা হয়েছে; কিন্তু চাহিদা থাকা সত্ত্বেও ইসলাম ধর্মীয় শিক্ষক ব্যতিরেকে অন্যান্য ধর্মীয় শিক্ষক নিয়োগ প্রদান করা হয়নি। ফলে দেশের ৯০% বিদ্যালয়ে হিন্দু বা অন্যান্য ধর্মীয় শিক্ষার্থীরা ধর্মীয় শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। কারণ কোন বিষয়ের ওপর সঠিক ধারণা লাভের জন্য ঐতিহাসিক শিক্ষা শিক্ষার্থীদের জন্য একান্ত প্রয়োজন। আমাদের দেশে বিদ্যালয়গুলোতে হিন্দু ধর্মীয় শিক্ষার্থীর